# উদ্ভাবনী ধারণার উদ্ভাবকের তথ্যাবলী

| ক্রঃনং | বিষয় | তথ্যাদি |
|---|---|---|
| ০১ | উদ্ভাবকের নাম ও পদবী | মোহাম্মদ বদরুল আলম, উপজেলা সমবায় অফিসার |
| ০২ | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | উপজেলা সমবায় কার্যালয়<br>শেরপুর সদর, শেরপুর। |
| ০৩ | ফোন/মোবাইল নং | ০১৭২৮ ২২০৬০৮ |
| ০৪ | ই-মেইল | uco.sherpur.sadar@gmail.com |
| ০৫ | চিহ্নিত সেবার নাম | যোগাযোগের ক্ষেত্রে সেবা সহজীকরণ |

মন্ত্রণালয়/অধিদপ্তর :সমবায় অধিদপ্তর,   দপ্তর : উপজেলা সমবায় কার্যালয়, শেরপুর সদর, শেরপুর।

১। উদ্ভাবনের শিরোনামঃ যোগাযোগের ক্ষেত্রে সেবা সহজীকরণ।

২। পটভূমিঃ অধিকাংশ ক্ষেত্রে সমবায় সমিতির সাথে যোগাযোগের ক্ষেত্রে বা বিভিন্ন গুরুত্বপূর্ণ তথ্য আদান প্রদানের ক্ষেত্রে ডাক বিভাগের মাধ্যমে করতে হয় এবং এ ক্ষেত্রে সাধারণত সভাপতি/সম্পাদকের নাম ও সমিতির ঠিকান ব্যবহার করা হয়। ফলে অনেক সময় চিঠি যথাসময়ে সমিতির কর্তৃপক্ষের নিকট পৌছানো সম্ভব হয় না এবং খরচ ও সময় দুই-ই অপচয় হয়।

৩। বিদ্যমান সমস্যাঃ

■ সমিতির নামে এবং কমিটির প্রত্যেকের নামে ইমেইল আইডি না খোলা এবং এ সম্পর্কে ধারণা না থাকা।


■ তথ্য প্রযুক্তি ব্যবহারে সুবিধা সম্পর্কে না জানা।

■ সমবায় বিভাগে এ জাতীয় এ্যাপস না থাকা।

৪। অনুপ্রেরণার উৎসঃ যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ময়মনসিংহ মহোদয়ের পরামর্শ অনুযায়ী পাইলটিং করা।

৫। কি কি প্রদক্ষেপ গ্রহণ করা হচ্ছেঃ সমিতির নামে চলমান ই-মেইল/জি-মেইল খুলতে হবে। কমিটির প্রত্যেকের ই-মেইল/জি-মেইল খুলতে হবে এবং মোবাইল নম্বর চালু রাখতে হবে। সমিতির নামে ফেসবুক পেইজ খুলে এবং সমিতির কমিটির ও সমম্ভব হলে প্রত্যেক সদস্যদের সাথে সমিতির ফেসবুক লিংক করে দেওয়া এবং নিয়মিতভাবে উক্ত ই-মেইল ও ফেসবুক ব্যবহারের মাধ্যমে সেবা চালু রাখা। ফলে সময় ও অর্থ অপচয় হ্রাস পাবে এবং কার্যক্রমের গতিশীলতা বৃদ্ধি পাবে। এছাড়াও ওয়েব পোর্টালে তথ্য আপলোড করে ও প্রশিক্ষণের মাধ্যমে এর সুফল আলোচনা করে সেবা সহজীকরণ করা।

প্রস্তাবিত প্রসেস ম্যাপ



বাস্তবায়নে কি ধরণের ঝুঁকি/চ্যালেঞ্জ আছে ও  কি ভাবে তা সমাধান করা হচ্ছেঃ

| ঝুঁকি/চ্যালেঞ্জ | কিভাবে তা সমাধান করা হবে |
|---|---|
| উর্ধ্বতন অফিস | মাননীয় প্রধান মন্ত্রীর কার্যালয়ের এ প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে উদ্বুদ্ধ করণের মাধ্যমে। |
| সমিতিকে প্রস্তুত করা | প্রশিক্ষণ প্রদান ও উদ্বুদ্ধকরণ। |
| পর্যাপ্ত তথ্য প্রযুক্তি জ্ঞানের অভাব | সমবায়ীদের প্রশিক্ষণ প্রদান ও তথ্য প্রযুক্তি ব্যবহারের ইতিবাচক দিক আলোচনা করে বাস্তবায়ন করা |

৬। টেকসইকরণে গৃহিত ব্যবস্থাদির বিবরণঃ

সমবায় সমিতির মূল উদ্দেশ্য হচ্ছে আর্থিক সমৃদ্ধি অর্জন করা তথা আয় বৃদ্ধি করা। সমবায় সমিতিতে সরাসরি মূলধন সরবরাহের জন্য সমবায় অধিদপ্তরের কোন তহবিল নেই। সমিতির সদস্যদের শেয়ার ও সঞ্চয় সংগ্রহের মাধ্যমে কার্যকরী মূলধন তৈরী করে। ফলে সমিতির মূলধন উৎপাদনমূখী কার্যক্রমে বিনিয়োগ করে আর্থিক সমৃদ্ধি অর্জন করা যাবে এবং এলাকায় সমবায় সম্পর্কে ইতিবাচক ধারণা ও সুনাম প্রতিষ্ঠিত হবে। প্রকল্পটি টেকসই হতে পারে।

৭। এই উদ্যোগে কি কি কল্যাণ বয়ে আনবেঃ

■ স্মার্ট সিটিজেন ও স্মার্ট সোসাইটি গঠনে বিশেষ ভূমিকা রাখবে।

■ তথ্য প্রযুক্তি নির্ভর ও স্মার্ট সমবায় সমিতি গঠিত হবে।

■ গুরুত্বপূর্ণ তথ্য অতি সহজেই আদান প্রদান করা যাবে।

■ অর্থ এবং সময় উভয় এরই অপচয় হ্রাস পাবে।

৮। সুদূর প্রসারী  কি কি অবদান রাখবেঃ ইহা বাস্তবায়িত হলেঃ

(ক) সমিতিতে কর্মসংস্থান সৃষ্টি হবে ও বেকার সমস্যার কিছুটা লাঘব হবে।

(খ) তথ্য প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি পাবে।

(গ) অর্থ অপচয় কম হওয়ায় মূলধন বৃদ্ধি পাবে।

(ঘ) সদস্যদের স্ব-কর্মসংস্থান এবং আয় বৃদ্ধির সুযোগ সৃস্টি হবে।

৯। পদ্ধতি/সেবার মানে কি পরিবর্তন এনেছেঃ ঋণ কার্যক্রমের ঝুঁকি থাকায় সমবায়কে উৎপাদনমূখী কার্যক্রমে সম্পৃক্ত করা যাবে।

১০। উপকারভোগী বা অংশীজনের প্রতিক্রিয়াঃ

| অংশীজন | ভূমিকা |
|---|---|
| সমবায়ী ও উপজেলা অফিসসমূহ | সংশ্লিষ্ট উপজেলা অফিস হতে সমবায়ীবৃন্দ বিভিন্ন ধরনের প্রশিক্ষণ গ্রহনের মাধ্যমে আধুনিক প্রযুক্তির ব্যবহার শিখে থাকে। ফলে প্রযুক্তির ব্যবহার ও এর সুবিধা সম্পর্কে জনগণের ধারণা বৃদ্ধি পাবে যা স্মার্ট বাংলাদেশ গঠনে বিশেষ ভূমিকা রাখবে। |
| জেলা সমবায় অফিস | ভ্রাম্যমাণ প্রশিক্ষণে জেলা সমবায় অফিস, শেরপুর এর ভূমিকা রয়েছে। |
| সমবায় সমিতি | উপকারভোগী বাছাই, মূলধন গঠন ও উৎপাদনমূখী কার্যক্রম করা। |

১১। টিভিসি/ছবি

| বাস্তবায়নের আগে | বাস্তবায়নের পরে |
|---|---|
| প্রত্যাশিত ফলাফল (টিসিভির আলোকে) | অর্জিত ফলাফল |
| সময়ঃ সমবায় সমিতির সদস্যদের যে কোন তথ্যের আদান প্রদান বা চিঠিপত্র দেয়ার সময় লাগত কমপক্ষে ১৫ দিন | সময়ঃ সময় কমে এসেছে মাত্র কয়েক সেকেন্ডের মধ্যেই কাঙ্খিত কাজ বা চিঠিপত্র প্রেরণ করা সম্ভব হচ্ছে। |
| খরচঃ সমবায় সমিতির সদস্যদের যে কোন চিঠি প্রেরণে বা গুরুত্বপূর্ণ তথ্যের আদান প্রদানে অর্থ লাগত কমপক্ষে ৫০০.০০ টাকা | খরচ খুবই কম। |
| যাতায়াতঃ বছরে কমপক্ষে ০৬ বার। | যাতায়াতঃ যাতায়াতের প্রয়োজন হয় না। সমিতির কার্যালয়ে বৃত্তি মূলক প্রশিক্ষণ দেয়া হয়। শুধুমাত্র সম্পাদকের যাতায়াত একবার। |
| অন্যান্য প্রত্যাশিত ফলাফল | অর্জিত ফলাফল |
| সমবায় বিষয়ক জ্ঞান বৃদ্ধি। | কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি |

১২। উদ্ভাবন ও বাস্তবায়ন টিমঃ

| দলের সদস্য | নাম | পদবী ও ঠিকানা |
|---|---|---|
| দলনেতা | মোহাম্মদ বদরুল আলম | উপজেলা সমবায় অফিসার, শেরপুর সদর, শেরপুর। |
| সদস্য | মোঃ কামরুজ্জামান | সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, শেরপুর সদর, শেরপুর। |
| ফোকাল পয়েন্ট | তাছলিমা আক্তার | সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, শেরপুর সদর, শেরপুর। |

২৭/০৭/২৪

মোহাম্মদ বদরুল আলম
উপজেলা সমবায় অফিসার
শেরপুর সদর, শেরপুর।